# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৯]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৩: আল্লাহর রসূল (সা.) -এর রাতের সালাতের উল্লেখ

باب ذِكْرِ صَلاَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِاللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ، قال: حَدَّثَنَا حَجَّاجٌ، قال: قَالَ ابْنُ جُرَيْجٍ، عَنْ أَبِيهِ، أَخْبَرَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ، أَنَّ يَعْلَى بْنَ مَمْلَكٍ أَخْبَرَهُ، أَنَّهُ سَأَلَ أُمَّ سَلَمَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَتْ: كَانَ يُصَلِّي الْعَتَمَةَ ثُمَّ يُسَبِّحُ ثُمَّ يُصَلِّي بَعْدَهَا مَا شَاءَ اللَّهُ مِنَ اللَّيْلِ، ثُمَّ يَنْصَرِفُ فَيَرْقُدُ مِثْلَ مَا صَلَّى، ثُمَّ يَسْتَيْقِظُ مِنْ نَوْمِهِ ذَلِكَ فَيُصَلِّي مِثْلَ مَا نَامَ، وَصَلَاتُهُ تِلْكَ الْآخِرَةُ تَكُونُ إِلَى الصُّبْحِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٠٢٣ (ضعيف) (سند میں یعلی بن مملک لین الحدیث ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1629 - ضعيف

বাংলা

১৬২৮. হারূন ইবনু আবদুল্লাহ (রহ.) ..... ইবনু আবূ মুলায়কাহ (রহ.) হতে বর্ণিত। ইয়া'লা ইবনু মামলাক (রহ.) উম্মু সালামাহ্ (রাঃ)-কে রসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, তিনি (সা.) ইশার সালাত আদায় করে তাসবীহ পড়তেন। অতঃপর রাতে যতক্ষণ পর্যন্ত আল্লাহর ইচ্ছা হত ততক্ষণ পর্যন্ত সালাত আদায় করতেন। আবার ফিরে এসে যে পরিমাণ সময় সালাত আদায় করেছিলেন সে পরিমাণ সময় ঘুমিয়ে থাকতেন। আবার সে নিদ্রা থেকে জেগে যে পরিমাণ সময় ঘুমিয়ে ছিলেন সে পরিমাণ সময় সালাত আদায় করতেন। তাঁর শেষবারের সালাত ফজর পর্যন্ত প্রলম্বিত হত।

## English

Mentioning the prayer of the Messenger of Allah (SAW) at night

Ya'la bin Mamlak said that he asked Umm Salamah about the prayer of the Messenger of Allah (ﷺ) and she said: He used to pray 'Isha, then he would recite tasbih, then after that he would pray whatever Allah (SWT) willed (he should pray) of night prayer. Then he would go and sleep for as long as he had prayed. Then he would get up from sleep and pray for as long as he had slept, and this last prayer of his would continue until dawn.

## ফুটনোট

সনদ দুর্বলঃ সনদে ইয়া'লা ইনু মালিক মাকবুল বর্ণনাকারী; ইমাম বুখারী “খলকু আফ'আলিল 'ইবাদ” (৪/৫১) ১৩২, আবূ দাউদ ১৪৬৬, তিরমিযী ২৯২৩; সহীহ ইবনু খুযায়মাহ ১১৫৮। [দ্রঃ ১০২২]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবন আবূ মুলায়কা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90124

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন